

বিশ্ববিদ্যালয় পষায়ে গবেষণা সমৃদ্ধ থাকলে জাতি উন্নত হয় বৃত্তি প্রদান চুক্তি অনুষ্ঠানে শিক্ষা ব্যক্তিত্বরা

বিশ্ববিদ্যালয় রিপোর্টার : ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের বৃত্তি প্রদানের চুক্তি অনুষ্ঠানে বক্তারা বলেছেন, গুণোপযোগী ও সমৃদ্ধ উচ্চশিক্ষা দেশের শিল্প-সংস্কৃতি ও পণ্যতৈরির বিকাশে অগ্রণী হ্রসিক পালন করে। বিশেষ করে বিশ্ববিদ্যালয় পর্যায়ের গবেষণা সমৃদ্ধ থাকলে জাতি উন্নত হতে পারে। দেশের সামগ্রিক সমস্যা সমাধানের পথ বিশিষ্ট চিন্তাবিদদের গবেষণার মাধ্যমেই আসতে হবে। এজন্য গবেষণা খাতে সহায়তা করতে সরকারের পাশাপাশি বার্গিড্রাক প্রতিষ্ঠানকে এগিয়ে আসার আহ্বান জানিয়েছেন বক্তারা।

প্রতি বছর বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের মাঝে ৫০টি বৃত্তি প্রদানের লক্ষ্যে গতকাল (শনিবার) বিকালে সিনেট সভার সভাপতি হুমায়ূন চাক বিশ্ববিদ্যালয় এলামনাই এসোসিয়েশন ও মিউচুয়াল ট্রাস্ট ব্যাংকের মধ্যে চুক্তি স্বাক্ষর অনুষ্ঠিত হয়। এলামনাই এসোসিয়েশনের সভাপতি ও তত্ত্বাবধায়ক সরকারের সাবেক উপদেষ্টা সৈয়দ মঞ্জুর এলাদীর সভাপতিত্বে বক্তৃতা করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ব্রিগি প্রফেসর ড. এমএমএ ফায়েজ, মিউচুয়াল ট্রাস্ট ব্যাংকের চেয়ারম্যান ন্যামসন এইচ জৌধুরী, টিএসসিও উপদেষ্টা প্রফেসর ড. এএইচএম মোস্তাফিজুর রহমান। চুক্তিতে স্বাক্ষর করেন ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক কারী শফিকুর রহমান ও এলামনাই এসোসিয়েশনের মহাসচিব রকিব উদ্দিন আহমেদ।

এই চুক্তির মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের সব ইনস্টিটিউটের

শিক্ষার্থীদের মধ্যে ৫০টি বৃত্তি দেয়া হবে। এছাড়া ক্যাম্পাসে কর্মরত সাংবাদিকদের রিপোর্টের মান ও গুরুত্বের ভিত্তিতে প্রতি বছর ৪ ছান বিশ্ববিদ্যালয় রিপোর্টার এবং টিএসসির সাংস্কৃতিক দলের ৬ কর্মীকে প্রতি বছর বৃত্তি দেবে এলামনাই এসোসিয়েশন।

অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন সাবেক পানিসম্পদ মন্ত্রী ইঞ্জিনিয়ার এল কে সিদ্দিকী, ঢাকার সাবেক ভিসি প্রফেসর মনিরুজ্জামান মিঞা, কফিল উদ্দিন মাহমুদ, ক্যাপ্টেন শফিকুর রহমান, বিচারপতি নুরুল ইসলাম, প্রফেসর ড. সাদকুল আামিন, প্রফেসর জি এম জৌধুরী, প্রফেসর ড. সিরাজুল ইসলাম প্রমুখ। অনুষ্ঠানের শেষাংশে টিএসসির সাংস্কৃতিক দলের কর্মীরা সংগীত পরিবেশন করেন।